

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৮ মাঘ ১৪২১/২১ জানুয়ারি ২০১৫

নম্বর : ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৫.০১৮—বাংলাদেশের অকৃত্রিম বন্ধু, মুক্তিযুদ্ধের সময়কার বহু অমর গানের স্রষ্টা এবং ভারতের পশ্চিম বঙ্গের প্রখ্যাত গীতিকার ও সুরকার শ্রী গোবিন্দ হালদার গত ১৭ জানুয়ারি ২০১৫ তারিখে কলকাতায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।

২। গোবিন্দ হালদার ১৯৩০ সালের ২১শে ফেব্রুয়ারি তারিখে তদানীন্তন অবিভক্ত যশোহর জেলার বনগাঁয় জন্মগ্রহণ করেন। তিনি ভারত সরকারের আয়কর বিভাগে কর্মরত ছিলেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় তিনি 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি', 'পূর্ব দিগন্তে সূর্য উঠেছে, রক্ত লাল রক্ত লাল', 'এক সাগর রক্তের বিনিময়ে বাংলার স্বাধীনতা আনলে যারা', 'পদ্মা মেঘনা যমুনা, তোমার আমার ঠিকানা' সহ বেশ কিছু কালজয়ী গান রচনা করেন। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে প্রচারিত তাঁর এ সকল গান রণাঙ্গনের মুক্তিযোদ্ধা এবং দেশের মুক্তিকামী জনগণকে উজ্জীবিত করে।

৩। শ্রী গোবিন্দ হালদার গত ১৩ ডিসেম্বর ২০১৪ তারিখে কলকাতার একটি হাসপাতালে ভর্তি হলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের এই অকৃত্রিম বন্ধুর চিকিৎসার ব্যয়ভার গ্রহণের ঘোষণা প্রদান করেন। মহামান্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ তাঁর ভারত সফরকালে গত ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে গোবিন্দ হালদারকে দেখার জন্য হাসপাতালে যান। তাঁর মৃত্যুতে বাংলাদেশ একজন পরম হিতাকাঙ্ক্ষীকে হারাল।

৪। শ্রী গোবিন্দ হালদার তাঁর কালজয়ী গানের মাধ্যমে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে যে অবিস্মরণীয় অবদান রেখেছেন— তা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ, তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৬ মাঘ ১৪২১/১৯ জানুয়ারি ২০১৫ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়েছে।

৫। বাংলাদেশের অকৃত্রিম বন্ধু এবং বরণ্য গীতিকার ও সুরকার শ্রী গোবিন্দ হালদারের মৃত্যুতে মন্ত্রিসভার ০৬ মাঘ ১৪২১/১৯ জানুয়ারি ২০১৫ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা  
মন্ত্রিপরিষদ সচিব

( ৪০৭ )

মূল্য : টাকা ৪.০০

### মন্ত্রিসভার শোকশ্রুতাব

০৬ মাঘ ১৪২১  
ঢাকা : ১৯ জানুয়ারি ২০১৫

বাংলাদেশের অকৃত্রিম বন্ধু, মুক্তিযুদ্ধের সময়কার বহু অমর গানের স্রষ্টা এবং ভারতের পশ্চিম বঙ্গের প্রখ্যাত গীতিকার ও সুরকার শ্রী গোবিন্দ হালদার গত ১৭ জানুয়ারি ২০১৫ তারিখে কলকাতায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।

গোবিন্দ হালদার ১৯৩০ সালের ২১শে ফেব্রুয়ারি তারিখে তদানীন্তন অবিভক্ত যশোহর জেলার বনগাঁয় জন্মগ্রহণ করেন। তিনি ভারত সরকারের আয়কর বিভাগে কর্মরত ছিলেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় তিনি ‘মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি’, ‘পূর্ব দিগন্তে সূর্য উঠেছে, রক্ত লাল রক্ত লাল’, ‘এক সাগর রক্তের বিনিময়ে বাংলার স্বাধীনতা আনলে যারা’, ‘পদ্মা মেঘনা যমুনা, তোমার আমার ঠিকানা’ সহ বেশ কিছু কালজয়ী গান রচনা করেন। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে প্রচারিত তাঁর এ সকল গান রণাঙ্গনের মুক্তিযোদ্ধা এবং দেশের মুক্তিকামী জনগণকে উজ্জীবিত করে।

শ্রী গোবিন্দ হালদার গত ১৩ ডিসেম্বর ২০১৪ তারিখে কলকাতার একটি হাসপাতালে ভর্তি হলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের এই অকৃত্রিম বন্ধুর চিকিৎসার ব্যয়ভার গ্রহণের ঘোষণা প্রদান করেন। মহামান্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ তাঁর ভারত সফরকালে গত ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে গোবিন্দ হালদারকে দেখার জন্য হাসপাতালে যান।

শ্রী গোবিন্দ হালদার তাঁর কালজয়ী গানের মাধ্যমে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে যে অবিস্মরণীয় অবদান রেখেছেন, মন্ত্রিসভা তা গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে। তাঁর মৃত্যুতে বাংলাদেশ একজন পরম হিতাকাঙ্ক্ষীকে হারাল।

মন্ত্রিসভা বাংলাদেশের অকৃত্রিম বন্ধু এবং বরণ্য গীতিকার ও সুরকার শ্রী গোবিন্দ হালদারের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছে। মন্ত্রিসভা তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)